

মানি লভারিং প্রতিরোধ বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

এ.এম.এল. সার্কুলার নম্বর : ১১

তারিখ : ০৮ ফাল্গুন, ১৪১৩  
২০ ফেব্রুয়ারী, ২০০৭

প্রধান নির্বাহী,  
সকল তপসিলী ব্যাংক ও আর্ক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

জরুরী ক্ষমতা বিধিমালা ২০০৭ এর আওতায় আইন  
প্রয়োগকারী কর্তৃপক্ষের তদন্তে সহযোগিতা এবং সম্পদ  
অবরুদ্ধকরণ আদেশ/ক্রোক আদেশ পরিপালন প্রসংগে

১৩ই ফেব্রুয়ারী ২০০৭ তারিখের বাংলাদেশ গেজেটে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রজ্ঞাপিত জরুরী ক্ষমতা বিধিমালা ২০০৭ এর সংশোধনী (এস, আর, ও নং ২০-আইন/২০০৭) এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২. দুর্বীতি সম্পর্কিত অপরাধ উদঘাটন, অভিযোগ গঠন ও মামলা দায়েরের কার্যক্রমে সরকারের আইন প্রয়োগকারী কর্তৃপক্ষের তদন্তদলগুলো বর্তমানে সন্দেহভাজনদের ব্যাংক ও আর্ক প্রতিষ্ঠানগুলোতে পরিচালিত হিসাবের লেনদেনও পরীক্ষা করছে। আইন প্রয়োগকারী কর্তৃপক্ষের এসব তদন্তদল সংশ্লিষ্ট ব্যাংক/আর্ক প্রতিষ্ঠানে হিসাবের লেনদেন পরীক্ষার জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক মানি লভারিং প্রতিরোধ আইন, ২০০২ এর ৫ নং ধারা বলে এখতিয়ারপ্রাপ্ত বলে বিবেচিত হবে।

০৩. তদন্তাধীন/মামলাধীন সন্দেহভাজনদের ব্যাংক হিসাবের স্থিতির উপর জরুরী ক্ষমতা বিধিমালার ১৫ক নং ধারার আওতায় প্রাম শ্রেণীর ম্যাজিস্ট্রেট বা ক্ষেত্রমত মেট্রোপলিটান ম্যাজিস্ট্রেট প্রদত্ত অবরুদ্ধকরণ (freezing) বা ক্রোক আদেশ তাৎক্ষনিকভাবে পরিপালনীয় হবে।

০৪. আপনাদের সকল শাখাকে অবিলম্বে এতদনুসারে অবহিত করার উপদেশ দেয়া যাচ্ছে।

আপনাদের বিশ্বাস,

-ক্ষেত্র Z/-

(এ.কে.এম. মোস্তাফিজুর রহমান)

মহাব্যবস্থাপক

ফোন : ৯১২০৬৫৯